দৈনিক বাংলা

তারিখ ... 12/12/79 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... 7 ...



# অন্যদেরও ভর্তির সুযোগ দেয়া হোক

ইতিমধ্যেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফরম দেওয়া শেষ হয়েছে। কিছুদিনের মধ্যেই পরীক্ষাও শেষ হবে। কিন্তু প্রতি বৎসরের মত এবারও একজন ছাত্র বা ছাত্রী তার পক্ষে যতগুলো ভর্তির আবেদন করা সম্ভব ততগুলো বিষয়েই ভর্তির আবেদন করেছে। এই হিসাবে এমনও অনেক ছাত্রছাত্রী আছে যারা ৫/৬টি বিষয়ে ভর্তির আবেদন করেছে। এমনকি যারা ডাক্তারী, ইঞ্জিনীয়ারিং পরীক্ষা দিয়েছে তারাও আবেদন করেছে।

ভর্তি পরীক্ষার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্দিষ্ট সংখ্যক ছাত্রছাত্রীকে ভর্তির জন্য মনোনীত করবেন। কিন্তু একজন ছাত্র বা ছাত্রীর পক্ষে একাধিক বিষয়ে পড়াশোনা করা সম্ভব নয়। তাই স্বাভাবিকভাবেই নির্দিষ্ট সংখ্যক ছাত্রছাত্রীকে মনোনীত করার পরও প্রচুর পরিমাণে সীট শূন্য থেকে যাবে। প্রায়ই দেখা যায়, এই শূন্য সীটগুলি যেসব ছাত্রছাত্রী ইতিপূর্বে ভর্তি পরীক্ষায় অকৃতকার্য হয়েছিলো তাদের দ্বারাই পূর্ণ করা হয়। কিন্তু এখানেই আমাদের আপত্তি। কেননা, যেসব ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অকৃতকার্য হয়েছে তাদের ভর্তি করে নেওয়া কিছুতেই ন্যায়সঙ্গত হতে পারে না। এটা অন্যায় এবং অসঙ্গত।

তাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আমাদের অনুরোধ, ভর্তি পরীক্ষায় যারা অকৃতকার্য হয়েছে তাদের ভর্তি না করে যেসব শূন্য সীটগুলিতে ছাত্রছাত্রী বোর্ডের পরীক্ষায় সামান্য খারাপ করেছে (বিশেষত এইচএসসি পরীক্ষায়) তাদের ভর্তি-পরীক্ষা নিয়ে শূন্য আসনগুলি যেন তাদের দ্বারাই পূরণ করা হয়। কর্তৃপক্ষের মনে রাখা উচিত বিভিন্ন কারণেই একজন ভালো ছাত্রও পরীক্ষায় খারাপ করতে পারে। তাছাড়া বোর্ডের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের ব্যাপারটাও বিস্মৃত হলে চলবে না। এরূপ পরিস্থিতিতে অনেক সৎ ছাত্রেরই খারাপ রেজাল্ট হওয়া স্বাভাবিক।

মোঃ দেলোয়ার হোসেন
ও
কমরুল ইসলাম
শহীদ সোহরাওয়ার্দী কলেজ
ঢাকা।